

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
চিকিৎসা সহায়তা শাখা
সমাজসেবা ভবন
ই-৮/বি-১, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭
www.dss.gov.bd

স্মারক নং-৪১.০১.০০০০.০৫২.২০.০০২.২০.

তারিখ: ২৪ চৈত্র ১৪৩২
০৫ এপ্রিল ২০২৬


বিষয়: ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ এবং থ্যালাসেমিয়ায় আক্রান্ত রোগীদের আর্থিক সহায়তা কার্যক্রমের আওতায় ২০২৫-২০২৬ অর্থ বছরে বিভিন্ন চিকিৎসা প্রতিষ্ঠানে প্রদানকৃত অর্থ ব্যয় না করা প্রসঙ্গে।

সূত্র: সমাজকল্যাণ মন্ত্রণালয়ের পত্র নং ৪১.০০.০০০০.০৪৩.০৩.০১৫.১৬ (অংশ-২).২১০ তারিখ: ৩১ মার্চ, ২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ এবং থ্যালাসেমিয়ায় আক্রান্ত রোগীদের আর্থিক সহায়তা কার্যক্রমের আওতায় ২০২৫-২০২৬ অর্থ বছরে ১ম কিস্তি হতে ২য় কিস্তি পর্যন্ত ২৭ টি চিকিৎসা প্রতিষ্ঠানে বরাদ্দ প্রদান করা হয়। ২৭ টি চিকিৎসা প্রতিষ্ঠান হতে প্রাপ্ত অর্থের ব্যয় বিবরণী সংক্রান্ত সমন্বিত প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায় মাত্র ৪টি চিকিৎসা প্রতিষ্ঠানে অর্থ সহায়তা প্রদান করা হয়েছে এবং তাও সম্পূর্ণ নয়; যা অনাকাঙ্ক্ষিত ও দুঃখজনক। উল্লেখ্য, সংশ্লিষ্ট হাসপাতাল কর্তৃক ভর্তিকৃত রোগীকে তাৎক্ষণিকভাবে উদ্যোগ গ্রহণের মাধ্যমে দ্রুততম সময়ের মধ্যে আর্থিক সুবিধা দেয়ার লক্ষ্যেই হাসপাতালগুলোতে এ বরাদ্দ প্রদান করা হয়।

২। এমতাবস্থায়, অতি দ্রুত কার্যকরী পদক্ষেপ গ্রহণের মাধ্যমে বরাদ্দ পত্রের শর্তাবলী অনুযায়ী অর্থ ব্যয় করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্ত: ব্যয় বিবরণী সংক্রান্ত প্রতিবেদন- ১ (এক) ফর্দ।


(শাহ মোহাম্মদ মাহবুব)
মহাপরিচালক
সমাজসেবা অধিদপ্তর
ফোন: ৫৫০০৭০২৪
ই-মেইল : dg@dss.gov.bd

পরিচালক (সংশ্লিষ্ট হাসপাতাল/ চিকিৎসা প্রতিষ্ঠান),
.....

সদয় জ্ঞাতার্থে কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, সামাজিক নিরাপত্তা অধিশাখা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয় (সংশ্লিষ্ট বিভাগ),
- ৩। সিস্টেম এনালিস্ট, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত পরিচালক-৪, সামাজিক নিরাপত্তা অধিশাখা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৫। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সংশ্লিষ্ট জেলা),
- ৬। সমাজসেবা কর্মকর্তা, হাসপাতাল সমাজসেবা কার্যালয় (সংশ্লিষ্ট হাসপাতাল),